

টিকাদান এবং গর্ভাবস্থা



স্বাস্থ্য বুলেটিন

সব স্বাস্থ্য বুলেটিন দেখার জন্য nyc.gov/health - দেখুন।

বিনামূল্যের প্রতিলিপিসমূহ অর্ডার দেওয়ার জন্য 311 নম্বরে ফোন করুন।



প্রতিরোধ করুন ও নিরাপদ রাখুন



গর্ভাবস্থায় টিকা নিলে ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) এবং পারটুসিস (হুপিং কাশি) এর মতো গুরুতর অসুস্থতা থেকে **আপনাকে এবং আপনার সন্তানকে রক্ষা করতে পারে।**



এই রোগগুলির কারণে নবজাতকদের হসপিটালে ভর্তি হওয়ার সম্ভাবনা খুব বেশি থাকে। টিকা নেওয়ার দ্বারা, নবজাতকরা যতদিন পর্যন্ত না নিজে টিকা নেওয়ার মতো বড় হয়ে উঠছে ততদিন পর্যন্ত তাদের রক্ষা করতে আপনি **আপনার নবজাতকের শরীরে অ্যান্টিবডিগুলি পাঠাতে পারবেন।**



টিকাগুলি **নিরাপদ ও কার্যকর** এবং বছরের পর বছর ধরে লক্ষাধিক গর্ভাবস্থায় ব্যবহৃত হয়েছে।



আরও বেশি সুরক্ষার জন্য, আপনার নবজাতকের সংস্পর্শে থাকতে পারেন এমন কেউ তার সমস্ত টিকা নিয়েছেন কিনা তা নিশ্চিত করুন।

একটি সুস্থ গর্ভাবস্থা

প্রত্যেকবার গর্ভধারণের সময় ফ্লু এবং Tdap (টিটেনাস, ডিপথেরিয়া এবং এসিলুলার পারটুসিস) টিকা নেওয়া জরুরি:

- যে কোনো সময় আপনার ফ্লু এর টিকা নিন -- এটি ইনফ্লুয়েঞ্জা থেকে হওয়া জটিলতাগুলি প্রতিরোধ করতে সহায়তা করে, যেমন সময়ের পূর্বে জন্ম।
- গর্ভাবস্থার 27 থেকে 36 সপ্তাহের মধ্যে আপনার Tdap টিকা নিন -- এটি নবজাতদের মধ্যে হপিং কাশির সম্ভাবনা 90 শতাংশ পর্যন্ত কমাতে পারে।



আপনি গর্ভবতী হওয়ার আগে, আপনি হাম, মামস এবং রুবেলা (measles, mumps and rubella, MMR) এবং ভ্যারিসেলা (varicella) (চিকেন পক্স) সহ, আপনার সমস্ত টিকা নিয়ে আপ টু ডেট আছেন কিনা সে বিষয়ে নিশ্চিত হতে আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।

পরিচর্যা খোঁজা



আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে ফ্লু এবং Tdap টিকা সম্পর্কে জিজ্ঞাসা করুন -- বেশিরভাগ বিমা প্ল্যান গর্ভাবস্থায় সেগুলির জন্য অর্থ প্রদান করে।



আপনার স্থানীয় ওষুধের দোকানে জিজ্ঞাসা করুন -- অনেক ওষুধের দোকান কোনও প্রেসক্রিপশন ছাড়াই টিকা দেয়।



স্বাস্থ্য দপ্তরের ফোর্ট গ্রীনি স্বাস্থ্য কেন্দ্রে (Fort Greene Health Center) যান বা [nyc.gov/health/map](https://www.nyc.gov/health/map) এ আপনার আশেপাশের টিকাদান কেন্দ্র খুঁজুন।



আপনি যদি অল্প:সম্ম হন এবং আপনার যদি বিমা না করা থাকে, আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে গর্ভাবস্থার পরিচর্যাকে আওতাভুক্ত করা Medicaid এর জন্য যোগ্য কিনা তা দেখুন। আবেদন করতে, [nystateofhealth.ny.gov](https://www.nystateofhealth.ny.gov) এ যান।

আপনার টিকার ইতিহাস

আপনার টিকাকরণের একটি রেকর্ড রাখা আপনাকে এবং আপনার শিশুকে সুস্থ রাখতে সহায়তা করে। আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে, স্বাস্থ্য বিভাগের সমগ্র শহরের টিকাদানের নথিভুক্তি (Citywide Immunization Registry, CIR) তে আপনার সমস্ত টিকাদানের তথ্য জানাতে বলুন:

- আপনার রেকর্ড এক জায়গাতেই থাকবে
- আপনি জানতে পারবেন আপনাকে কোন টিকা দেওয়া হয়েছে আর কোনটা বাকি আছে
- আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীগণ নিশ্চিত হতে পারবেন যে আপনাকে সুপারিশকৃত সমস্ত টিকা দেওয়া হয়েছে

আপনার নিজের রেকর্ডগুলিও অবশ্যই রেখে দেবেন। CIR সম্পর্কে আরো তথ্যের জন্য **311** নম্বরে ফোন করুন অথবা **nyc.gov** এ গিয়ে **CIR** এর জন্য অনুসন্ধান করুন।

সংস্থানসমূহ

সংযোগ করা



@nychealthy



nychealth



@nychealthy



nychealth



nyc health

আরও জানুন

nyc.gov/health এ যান এবং **Pregnancy: Immunization** (গর্ভাবস্থা ও টিকাকরণ) খুঁজুন

cdc.gov এ যান এবং **Pregnancy and Vaccination** (গর্ভাবস্থা ও টিকাকরণ) খুঁজুন

সর্বশেষ স্বাস্থ্য বুলেটিন গ্রহণ করুন

ইমেল **healthbulletins@health.nyc.gov**



এই স্বাস্থ্য বুলেটিনের অতিরিক্ত ভাষা ও অন্যান্য অনুবাদ করা স্বাস্থ্যসামগ্রীর জন্য **nyc.gov/health/pubs** - দেখুন। আপনার নিজের ভাষায় পরিষেবা পাওয়ার অধিকার আপনার আছে। নিউইয়র্ক সিটি স্বাস্থ্যবিভাগের সব অফিস এবং ক্লিনিকে এই পরিষেবাগুলি বিনামূল্যে পাওয়া যায়।